# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**16 JANUARY 2025 7:45—7:55**

---

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দুদিনের সফরসূচি নিয়ে আগামীকাল গৌহাটিতে ।

২) ষ্টার্ট-আপ ইন্ডিয়া অভিযান শুধুমাত্র একটি প্রকল্প নয় এটি বিভিন্ন ক্ষেত্রের সম্ভাবনাযুক্ত দিকগুলির সঙ্গে সংযুক্ত হওয়ার এক লক্ষ্য বলে প্রধানমন্ত্রীর মন্তব্য ।

৩) ভারতের বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ২০১৪ সালের ২শো ৪৯ গিগাওয়াট থেকে দ্বিগুণ হয়ে ২০২৫ সালে ৫শো গিগাওয়াটের বেশী হয়েছে বলে কেন্দ্রীয় বিদ্যুৎমন্ত্রী মনোহরলালের প্রকাশ ।

এবং

৪) কাছাড় জেলার ৩টি স্থানে আজ থেকে সরকারী উদ্যোগে ধান ক্রয়কেন্দ্রের উদ্বোধন ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল দুদিনের সফরসূচি নিয়ে আসাম আসছেন । গৌহাটি পৌছে আগামীকাল বিকেলে প্রধানমন্ত্রী গৌহাটি সরুসজাই ষ্টেডিয়ামে প্রায় ১০ হাজার শিল্পীর দ্বারা পরিবেশিত বাগরুম্বা নৃত্য উপভোগ করবেন । ইতিমধ্যেই এই অনুষ্ঠানের জন্য যাবতীয় প্রস্তুতি চূড়ান্ত করা হয়েছে । রাজ্যের বিভিন্ন স্থান থেকে ইতিমধ্যেই এই নৃত্য পরিবেশন করার জন্য শিল্পীরা গৌহাটি উপস্থিত হয়েছেন । আসামের প্রাচীন ঐতিহ্য বড়ো সম্প্রদায়ের বাগারুম্বা নৃত্য বিশ্বব্যাপী প্রসারের উদ্দেশ্যে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে বলে সাংস্কৃতিক পরিক্রমা বিভাগের মন্ত্রী বিমল বরা জানিয়েছেন ।

প্রধানমন্ত্রী আগামী রবিবার কলিয়াবরের মৌসন্দা মাঠে একটি জনসভায় অংশ গ্রহণ করবেন এই সভায় কলিয়াবর থেকে বোকাঘাট পর্যন্ত ৬ হাজার ৯শো ৫৭ কোটি টাকা ব্যায়সাপেক্ষে নির্মীয়মান কাজিরাঙ্গা এলিভেটেট করিডোরের শিলান্যাস করবেন । মন্ত্রী পীযুষ হাজারিকা , কেশব মহন্ত , সাংসদ কামাখ্যা প্রসাদ তাসা এবং আসাম পুলিশের সঞ্চালক প্রধান হরমিত সিং প্রধানমন্ত্রীর জনসভাস্থল পরিদর্শন করে সেখানকার কাজ-কর্মের অগ্রগতি খতিয়ে দেখেছেন । প্রধানমন্ত্রী শ্রী মোদী এই সফরের সময় ডিব্রুগড় থেকে লক্ষ্ণৌর গোমটি পর্যন্ত এবং গৌহাটি থেকে নতুন দিল্লীর রাউটা পর্যন্ত চলাচলকারী দুটি রেল যাত্রারও সূচনা করবেন ।

---------------------------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে ষ্টার্ট আপ ইন্ডিয়া অভিযান শুধু একটি প্রকল্প নয় এটি বিভিন্ন ক্ষেত্রের সম্ভাবনাযূক্ত দিকগুলিরর সংগে সংযুক্ত হোয়ার এক লক্ষ্য ।নতুনদিল্লীতে আজ জাতীয় ষ্টার্ট আপ দিবসের এক দশক সম্পূর্ন হোয়া উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে ভাষন দেবার সময় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই মন্তব্য করেন । প্রধানমন্ত্রী বলেন ষ্টার্ট আপ ইন্ডিয়া অভিযান গত দশ বছরে এক বিপ্লবে পরিগণিত হয়েছে ।যা সমগ্র দেশে ষ্টার্ট আপ অর্থাৎ নতুন উদ্যমের ক্ষেত্রে এক নতুন পরিবেশের সৃষ্টি করেছে । তিনি বলেন এই ক্ষেত্রে ভারত সমগ্র বিশ্বের মধ্যে তৃতীয় স্থানে রয়েছে । তিনি বলেন এক দশক আগে ভারতে ৫০০ থেকে ও কম ষ্টার্ট আপ ছিল কিন্তু বর্তমানে এই সং খ্যা বৃদ্ধি পেয়ে দু লক্ষের ও অধিক হয়েছে ।

শ্রী মোদী  সামাজিক মাধ্যমে এক বার্তায় বলেন যে এই দিবসে ভারতের স্থান শক্তিশালী করা যুবক যুবতীদের সাহস  , উদ্ভাবন ও উদ্যোগী মনোভাবের উদযাপন করা হয় । প্রধানমন্ত্রী এই ক্ষেত্রে মহিলাদের ভূমিকার প্রশংসা করে বলেন যে ভারতে অনুমোদিত ষ্টার্ট আপ গুলির ৪৫ শতাংশে একজন করে মহিলা সঞ্চালক ও অংশীদার রয়েছেন । মহিলা পরিচালিত ষ্টার্ট আপগুলির ক্ষেত্রে ভারত বিশ্বের মধ্যে দ্বিতীয় স্থানে রয়েছে ।

অনুষ্ঠানে শ্রীমোদী সংশ্লিষ্ট ক্ষেত্রের প্রদর্শনী স্থলগুলিতে গিয়ে প্রদর্শনীগুলি পরিদর্শন করেন এবং তিনি প্রদর্শকদের সংগে মত বিনিময় করেন ।

অনুষ্ঠানে কেন্দ্রীয় শিল্প ও বানিজ্য মন্ত্রী পীযুশ গোয়েল বলেন যে গত এক দশকে ষ্টার্ট আপের ক্ষেত্রে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে এক বৃহৎ পরিবর্তন সাধন হয়েছে ।

উল্লেখ্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উদ্ভাবন  , উদ্যশীলতার প্রসার ও বিনিয়োগ বৃদ্ধির ক্ষেত্রে বিকাশ সুনিশ্চিত করার লক্ষে ২০১৬ সালের ১৬ ই জানুয়ারী ষ্টার্ট আপ ইন্ডিয়ার

সূচণা করেছিলেন । ভারতবর্ষকে  চাকুরী প্রত্যাশীর পরিবর্তে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিকারী রাষ্ট্ররুপে গড়ে তোলাই এই উদ্যমের মূল উদ্দেশ্যে ।

---------------------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় বিদ্যুৎমন্ত্রী মনোহরলাল বলেছেন যে ভারতের বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ২০১৪ সালের ২শো ৪৯ গিগাওয়াট থেকে দ্বিগুণ হয়ে ২০২৫ সালে ৫শো গিগাওয়াটের বেশী হয়েছে । নতুন দিল্লীতে আজ ভারত বিদ্যুৎ শীর্ষ সম্মেলন ২০২৬-এর প্রাক উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে মন্ত্রী বলেন যে ভারত নির্ভরযোগ্যতা , সহজলভ্যতা এবং স্থিতিস্থাপকতার মাধ্যমে শক্তি প্রাচুর্যের এক নতুন যুগে প্রবেশ করেছে । ভারত এখন বিশ্বের তৃতীয় বৃহত্তম বিদ্যুৎ উৎপাদনকারী এবং গ্রাহক পরিক্রমার দেশ বলে তিনি উল্লেখ করেন । পরিবেশ বান্ধব শক্তির অগ্রগতির ওপর জোর দিয়ে তিনি বলেন যে দেশের জীবাস্ম-বহির্ভুত জ্বালানী সক্ষমতা ২০১৪ সালের ৩২ শতাংশ থেকে বৃদ্ধি পেয়ে ২০২৫ সালে ৫২ শতাংশে পৌছেছে যা ভারতকে শক্তি রূপান্তরের ক্ষেত্রে বিশ্বে অগ্রগণ্যদের মধ্যে স্থান করে দিয়েছে বলেও কেন্দ্রীয় মন্ত্রী উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------------------------------

সরকার সংসদের আগামী বাজেট আধিবেশনে বীজ বিল ২০২৬ উত্থাপন করবে । নতুনদিল্লীতে আজ সাংবাদিকদের সংগে কথাবার্তার সময় কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী  শিবরাজ সিং চৌহান বলেন যে এই বিলের মাধ্যমে নিম্ন মানের বীজ বিক্রী বন্ধ করার লক্ষ্য নেওয়া হয়েছে । এই বিলের মাধ্যমে উচ্চ গুণ সম্পন্ন , অনুমোদনপ্রাপ্ত বীজ কৃষককে সরবরাহ করা ও জলবায়ু উপযোগী বীজের সরবরাহ করার লক্ষ্য নিশ্চিত করা হবে ।তিনি বলেন যে এই নতুন আইন স্বচ্ছতার দিকটি নিশ্চিত করবে যার মাধ্যমে বীজ কোথা থেকে আসে ও কে তাদেরকে সরবরাহ করে সেকথা জানা যাবে ।

---------------------------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসন , অসম খাদ্য ও সরবরাহ নিগম লিমিটেড এবং জেলা কৃষি বিভাগের যৌথ উদ্যোগে আজ থেকে পয়লাপুল , সোনাবাড়ীঘাট ও রামনগরে ধান ক্রয় কেন্দ্রের উদ্বোধন করা হয়েছে । উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে জেলা কৃষি আধিকারীক ডক্টর রাহুল চক্রবর্তী বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা কৃষিকাজকে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে উৎসাহিত করছেন । কৃষি আধিকারীক ডক্টর নিখিল চন্দ্র দাস কৃষকদের সরকারী ধান ক্রয় কেন্দ্রে ধান বিক্রয় করতে এগিয়ে আসার আহ্বান জানান । আজ সবকটি ধান ক্রয় কেন্দ্রে আনুষ্ঠানিকভাবে কৃষকদের হাতে ধান বিক্রয় করার জন্য প্রয়োজনীয় ই-সার্টিফিকেট বিতরন করা হয় । উল্লেখ্য ধানের গুনগতমান পরীক্ষা করার পর ধান ক্রয় কেন্দ্রে নূন্যতম সর্মথন মূল্যে

কৃষকরা ধান বিক্রয় করতে পারবেন । কৃষকরা প্রতি কুইন্টাল ধান দু হাজার পাঁচশ ৬৯ টাকায় বিক্রয় করতে পারবেন ।

---------------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকা ও সংস্কৃতি সম্মিলনের ৩১তম দ্বিবার্ষিক আধিবেশন আগামী পয়লা ফেব্রিয়ারী থেকে হাইলাকান্দিতে অনুষ্ঠিত হবে । এই অধিবেশনের উদ্বোধন করবেন বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক , চিত্রনাট্যকার এবং পশ্চিমবঙ্গ রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্শন লীনা গঙ্গোপাধ্যায় । আজ হাইলাকান্দি বঙ্গোভবণে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে সম্মিলনের অভ্যর্থনা কমিটির সভানেত্রী ইন্দিরা ভট্টাচার্য এ কথা জানিয়ে বলেন যে পশ্চিমবঙ্গ , ত্রিপুরা এবং উত্তর-পূর্বাঞ্চলের বিভিন্ন রাজ্য থেকে বিশিষ্ট সাহিত্যিক , কবি , শিল্পী ও গায়ক এই সম্মিলনে অংশ গ্রহণ করবেন । তিনদিনব্যাপী এই সম্মিলনে লোকসংস্কৃতি সহ অন্যান্য সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে । উল্লেখ্য যে ১৯শো ৭৭ সালে এই সম্মিলনের প্রতিষ্ঠা করা হয়েছিল এবং এ বছর এর সুবর্ণ জয়ন্তী বর্ষ পালন করা হচ্ছে ।

---------------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় প্রাপ্ত বয়স্কদের জন্য জাপানিস এনকেফেলাইটিস প্রতিরোধে টীকাকরন অভিযান গত ৮ই জানুয়ারী থেকে শুরু হয়েছে । এই অভিযানে ১৫ থেকে ৬৫ বছর বয়সী সব যোগ্য প্রাপ্ত বয়স্কদের অর্ন্তভুক্ত করে সমগ্র জেলায় টীকাকরন চলছে এবং আগামী ফেব্রুয়ারী মাস পর্য্যন্ত এই অভিযান চলবে । এই টীকাকরনের অগ্রগতি সর্ম্পকে খোঁজ নিতে এবং সচেতনতা আরো জোরদার করতে আজ ভারপ্রাপ্ত জেলা উন্নয়ন আয়ুক্ত এল খিংতের পৌরহিত্যে জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে এক সভা অনুষ্ঠিত হয় । সভায় জেলাবাসীকে নিকটবর্তী স্বাস্থ্য কেন্দ্র বা নির্ধারিত টীকাকরন কেন্দ্রে গিয়ে টীকা গ্রহন করতে অনুরোধ করা হয়েছে । সভায় জানানো হয় যে কেন্দ্রীয় সরকারের স্বাস্থ্য মন্ত্রক থেকে এই টীকা অনুমোদিত তবে গর্ভবতী মহিলা , বিশেষ ভাবে সক্ষম , কিডনির সমস্যা , ডায়ালাসিস চলা , অত্যার্ধিক সংক্রামক ব্যাধি , কানের সংক্রমন , হৃদপিন্ড , লিভার ,মূত্রাশয়ের সমস্যা এবং অ্যালার্জির সমস্যা থাকা ব্যাক্তিদের এই টীকা গ্রহনে বিধিনিষেধ রয়েছে । এছাড়া সভায় গ্রাম পঞ্চায়েত স্তরে টীকাগ্রহনে সচেতনতা বাড়ানোর জন্য অভিযান চালানো হবে এবং টীকা দানের ব্যবস্থা করা হবে ।

---------------------------------------------------------------------------------------------

নতুন দিল্লীতে অনুষ্ঠিত ১৪তম জাতীয় সাব-জুনিয়র টাইকুয়ান্ডো প্রতিযোগিতায় আসামের বর্মণ আশিষ ব্রোঞ্জর পদক লাভ করেছে । প্রতিযোগিতার ৪১ কিলোগ্রাম

শাখায় বর্মণ আশিষ এই পদক লাভ করে । বর্মণ আশিষ লখিমপুরের ঢাকুয়াখানা টাইকুয়াণ্ডো একাডেমীর প্রশিক্ষার্থী ছিলেন । তার এই সফলতায় অঞ্চলবাসী সহ সমগ্র আসামবাসী তাকে অভিনন্দন জানিয়েছেন ।

------------------------------------------------------------------------------------------------

অষ্টম আসাম প্রিমিয়ার ক্লাব চ্যাম্পিয়ানশিপ প্রতিযোগীতার আজকের খেলায় স্টার এ দল মাঠে অনুপস্থিত থাকায় জি এল এস আলগাপুর ক্লাবকে বিজয়ী বলে ঘোষনা করা হয় । হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় মায়া ক্লাব ও কাটলিছড়া স্পোর্টস এসোসিয়েশন পরস্পরের মুখোমুখি হবে ।

------------------------------------------------------------------------------------------------